

তারিখ ... ২৩/৫/৫৭...  
পৃষ্ঠা... কলাম...

**বেসরকারী শিক্ষকদের  
সার্ভিস রুল সম্পর্কে  
মতামত চাওয়া হয়েছে**

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান-সমূহে একটি অভিন্ন বেতন স্কেল প্রবর্তনের সম্ভাব্য পরীক্ষার জন্য গঠিত কমিটি গত কয়েকদিনে কয়েক দফা বৈঠকে মিলিত হন। প্রেসিডেন্টের উপদেষ্টা কাজী আনেসামুল হককে চেয়ারম্যান করে ওই কমিটি সম্প্রতি গঠিত হয়।

এবার খবরে প্রকাশ কমিটি সোমবার সচিবালয়ে এক বৈঠকে মিলিত হন। এবং মওলানা আবদুল মান্নানের নেতৃত্বে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের প্রতিনিধিদের সঙ্গে বিভিন্ন বিষয়ে খেলা খলি আলোচনা করেন।

এদিকে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন পর্যায়ের শিক্ষক ও কর্মচারীদের সার্ভিস রুল প্রনয়নের জন্য গঠিত কমিটি ইতিমধ্যেই তাদের খসড়া প্রনয়নের কাজ শেষ করেছেন। ওই খসড়া এখন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিক্ষা বোর্ডসমূহে মতামতের জন্য পাঠানো হচ্ছে।

এসব মতামত পাওয়ার পর স্নাতক ও উচ্চ মাধ্যমিক মহাবিদ্যালয় মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসাসমূহের শিক্ষক ও অন্যান্য কর্মচারীদের জন্য একটি অভিন্ন সার্ভিস রুল ও চাকরির শর্তাবলী চূড়ান্তভাবে প্রনয়ন করা হবে।

খবর বসস র।